



বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)

আঞ্চলিক কার্যালয় কুমিল্লা



ধানের শিষ ব্লাস্ট রোগ দমনে জরুরী সতর্ক বার্তা

গত ২৪ ও ২৭ মার্চ ২০২৪ তারিখ কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া ও চাঁদপুরসহ দেশের অধিকাংশ এলাকায় বৃষ্টিপাত পরিলক্ষিত হয়েছে যা ধানের শিষ ব্লাস্ট রোগ হওয়ার জন্য খুবই উপযোগী। বর্তমানে অধিকাংশ ধান খোড় হতে ফুল ফোঁটা পর্যায়ে রয়েছে। তাই শুধুমাত্র ব্রি ধান৭৪ ছাড়া বাকি সকল ধানের জাত বিশেষ করে ব্রি ধান২৮ ও ব্রি ধান২৯-এর সমসাময়িক জাতসমূহে অথবা পূর্বে পাতা ব্লাস্ট আক্রান্ত জমিতে নিচের নির্দেশনা অনুসরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলোঃ

১। জমিতে পানি ধরে রাখুন

২। ট্রাইসাইক্লোজল গ্রুপের ছত্রাকনাশক যেমন: ট্রুপার ১৬ লিটার পানিতে ১৩ গ্রাম ঔষধ ভালভাবে মিশিয়ে ৮ শতাংশ জমিতে মোট ২ বার বিকাল বেলা স্প্রে করুন। অথবা নাটিভো/স্ট্রমিন অথবা অনুমোদিত ছত্রাকনাশক নির্ধারিত মাত্রায় বিকাল বেলা দুই বার স্প্রে করতে হবেঃ

১মবারঃ ধানের খোড় ফেটে শিষ বের হওয়ার সময়

২য়বারঃ ১ম স্প্রে করার ৭-১০ দিন পর অর্থাৎ পুরোপুরি খোড় হতে শিষ বের হওয়ার পর খেয়াল রাখতে হবে যেন স্প্রে করার পরপরই বৃষ্টিতে ঔষধ ধুয়ে না যায়। আর শিষ ব্লাস্ট একবার হয়ে গেলে আর দমন করা যায় না। তবে পাতা ব্লাস্ট হয়ে গেলে ট্রাইসাইক্লোজল গ্রুপের ছত্রাকনাশক ৭-১০ দিন অন্তর অতিরিক্ত ২ বার স্প্রে করতে হবে।

সহযোগিতায়ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।

প্রচারেঃ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা। ০১৭১২-৮৮৭৫০৭